

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 12-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) এন্যুমারেশন ফর্ম জমা দেওয়ার সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর প্রাথমিক হিসেবে অনুযায়ী ৫৮ লক্ষের বেশি নাম ভোটার তালিকা থেকে বাদ পড়ার সম্ভাবনা দেখা দিয়েছে।। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ১৬-ই ডিসেম্বর।
- ২) বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অঙ্গ হিসেবে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক রাজ্য প্রশাসন এবং ২৫-টি কেন্দ্রীয় সংস্থার আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছেন।
- ৩) ভারত - বাংলাদেশ সীমান্তে বেড়া দেওয়া সংক্রান্ত জনস্বার্থ মামলায় রাজ্যের কাছে হলফনামা তলব করেছে কলকাতা হাইকোর্ট।
- ৪) SSC-র মাধ্যমে নবম-দশম শ্রেণীতে শিক্ষক নিয়োগের ইন্টারভিউতে ডাক পাওয়া প্রার্থীদের তালিকা আজ প্রকাশিত হবে।
- ৫) রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরানোর জন্য তৈরি অ্যাসেট ডিসপোজাল কমিটি ADC-র ব্যাঙ্ক অ্যাকাউন্টগুলির ফরেন্সিক অডিট করতে অস্বীকার করেছে সিরিয়াস ফ্রন্ট ইনভেস্টিগেশন অফিস SFIO।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর এর এন্যুমারেশন ফর্ম জমা দেবার সময়সীমা উক্তীর্ণ হবার পর প্রাথমিক হিসাব অনুযায়ি ৫৮ লক্ষের বেশি নাম বাদ পড়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এদের মধ্যে রয়েছে অনুপস্থিত, মৃত, স্থানান্তরিত, এবং একাধিক জায়গায় নাম থাকা ভোটার। এনইউমারেশন পর্ব শেষ হলেও ঝাড়াই বাছাই এর কাজ চলবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী এ পর্যন্ত রাজ্যে ৯৯ দশমিক ৯৬ শতাংশ ভোটারের এনইউমারেশন ফর্ম ডিজিটাইজ করা হয়েছে। ১৬ই ডিসেম্বর প্রকাশিত হবে খসড়া ভোটার তালিকা।

দক্ষিণ ২৪ পরগনা জেলায় এস আই আর প্রক্রিয়া নিয়ে একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট -গৌতম)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অঙ্গ হিসাবে গতকাল রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতর ও সংস্থার সঙ্গে সমন্বয় বৈঠক করেছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। রাজ্য সরকারের পাশাপাশি কেন্দ্রীয় সংস্থাগুলির মোট ২৫টি দপ্তরের কর্তারা বৈঠকে হাজির ছিলেন। রাজ্য পুলিশের মহানির্দেশক, কলকাতা পুলিশের কমিশনার, বিএসএফ, এসএসবি, সিআইএসএফ এবং আরপিএফ-এর উচ্চপদস্থ আধিকারিকদের পাশাপাশি ছিলেন এনফোর্সমেন্ট ডিরেক্টরের অধিকর্তাও। শ্রী আগরওয়াল বিভিন্ন দফতরের আধিকারিকদের কাছ থেকে প্রাক-নির্বাচনী তথ্য সংগ্রহ করেন। রাজ্যের বিভিন্ন অঞ্চলে আইনশৃঙ্খলা এবং প্রশাসনিক প্রস্তুতি ঠিক কোথায় দাঁড়িয়ে, কোথাও অতিরিক্ত নজরদারি বা সতর্কতার প্রয়োজন আছে কি না, তাও খতিয়ে দেখা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে এসআইআর পর্ব চলাকালীন রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যের একজন ভোটার হিসেবে নিজের নাম অন্তর্ভুক্তির জন্য নির্বাচন কমিশনের কাছে আবেদন

জানিয়েছেন। গতকাল লোক ভবনে ১৬২ চৌরঙ্গি বিধানসভার BLO এবং BLO সুপারভাইজারের সঙ্গে দেখা করে তিনি ভোটার কার্ড স্থানান্তরের জন্য নির্দিষ্ট আট নম্বর ফর্ম পূরণ করেন। রাজ্যপাল বলেন যে পশ্চিমবঙ্গ ও বাংলার মানুষের প্রতি তাঁর সবসময়ই গভীর আবেগজনিত টান রয়েছে।

(বাইট - রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি ফের ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশের দাবি জানিয়েছে। দিল্লিতে গতকাল সাংবাদিকদের প্রশ্নের জবাবে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, রাজ্যের শাসক দল প্রশাসনের একাংশের সাহায্যে বহু মৃত এবং স্থানান্তরিত ভোটারের নাম তালিকায় ঢুকিয়েছে।

(বাইট - সুকান্ত)

তিনি নির্বাচন কমিশনকে বিষয়গুলি যাচাই করে ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরির অনুরোধ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত-বাংলাদেশ সীমান্তে বেড়া দেওয়া সংক্রান্ত জনস্বার্থ মামলায় রাজ্যের কাছে হলফনামা তলব করেছে কলকাতা হাই কোর্ট। গতকাল ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চে এরাজ্য ভারত-বাংলাদেশ সীমান্তে বেড়া বা ফেনসিং এর জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে কি পদক্ষেপ করা হয়েছে, তা রাজ্যের ভূমি ও ভূমি সংস্কার দফতরের মুখ্য সচিবকে সবিস্তার জানাতে বলেছে। আগামী শুক্রবারের মধ্যে রাজ্যকে ওই হলফনামা দিতে হবে। মামলার পরবর্তী শুনানি আগামী ২২ ডিসেম্বর।

উল্লেখ্য, মামলাকারির দাবি ভারত-বাংলাদেশ সীমান্তের মোট ২২-শো ১৬ কিলোমিটার সীমান্ত এলাকার মধ্যে ৩৭৮ কিলোমিটারে কাঁটাতারের বেড়া নেই। রাজ্যের তৎপরতার অভাবেই বকেয়া কাজ সম্পন্ন হচ্ছে না বলে মামলাকারী জানিয়েছেন। এদিকে সীমান্তের ১৮১ কিলোমিটার জমি কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য রাজ্যকে টাকা দেওয়া হয়েছে বলে আদালতে কেন্দ্রীয় সরকার দাবি করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার ব্রিগেড ময়দানে ৫ লক্ষ কষ্টে গীতা পাঠের দিন প্যাটিস বিক্রেতাকে হেনস্থার অভিযোগে তিনজনকে গ্রেপ্তারের নিন্দা করেছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার গতকাল দিল্লিতে বলেন, তৃণমূল কংগ্রেস ও সিপিআইএম ঘোথভাবে হিন্দুদের ওপর অত্যাচার চালাচ্ছে।

এদিকে গ্রেপ্তার হওয়া তিনজন জামিন পেয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই জামিনকে স্বাগত জানিয়েছেন। কলকাতায় গত সন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, বিভিন্ন জায়গায় পুজোর সময় অশান্তি এবং মূর্তি ভাঙ্চুর হলে পুলিশ গ্রেপ্তার করে না। শ্রী অধিকারী এই ঘটনার বিরুদ্ধে সমগ্র হিন্দু সমাজকে জেগে ওঠার আবেদন জানান।

(বাইট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০

ওয়াকফ আইন বাতিলের দাবিতে প্রদেশ যুব কংগ্রেস গতকাল রাজভবন অভিযান করে। প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী এতে সামিল হন। মিছিল ধর্মতলা থেকে রাজভবনের দিকে এগিয়ে গেলে পুলিশ ব্যারিগেড করে আটকে দেয়। পরে অধীরবাবুর নেতৃত্বে কংগ্রেসের একটি প্রতিনিধি দল রাজভবনে গিয়ে রাজ্যপালের

কাছে স্মারকলিপি জমা দিয়েছেন। সাংবাদিকদের কাছে অধীর চৌধুরী বলেন, নতুন ওয়াকফ আইনে সংখ্যালঘুদের অধিকার খর্ব করা হচ্ছে।

(বাইট - অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

১৫-ই ডিসেম্বর থেকে বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একই সঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পৌঁছে দিতে ওইদিন থেকে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নবম-দশম শ্রেণীতে শিক্ষক নিয়োগের তথ্য যাচাইয়ের জন্য ইন্টারভিউয়ের ডাক পাওয়া প্রার্থীদের তালিকা আজ প্রকাশিত হবে। একাদশ-দ্বাদশের ইন্টারভিউ প্রক্রিয়া শেষ হলেই নবম-দশমের তথ্য যাচাই শুরু হবে। নবম-দশমে শূন্য পদ এর সংখ্যা ২৩ হাজার ২১২। এর জন্য পরীক্ষা দিয়েছিলেন ২ লক্ষ ৯৩ হাজার ১৯২ জন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস SFIIO অর্থ লগ্নি সংস্থা রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরানোর জন্য তৈরি অ্যাসেট ডিসপোজাল কমিটি ADC-র ব্যাক্ত অ্যাকাউন্টগুলির ফরেন্সিক অডিট করতে পারবে না। গতকাল কেন্দ্রীয় সরকারের আইনজীবী কলকাতা হাইকোর্টে একথা জানিয়েছেন।

উল্লেখ্য, এর আগে সেবি, সিএজি এবং রাজ্যের অর্থ দফতরকে ফরেন্সিক অডিটের দায়িত্ব নিতে বললেও সংস্থাগুলি রাজি হয়নি। এরপর বিচারপতি রাজৰ্ণী ভরদ্বাজ এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ এস এফ আই ও-কে এই

দায়িত্ব নিতে বলেন। কেন্দ্রীয় সরকারী আইনজীবীর বক্তব্য শুনে উষ্মা প্রকাশ করেন বিচারপত্রিব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের গৌরবময় শিল্পের ঐতিহ্য সংরক্ষণ ও অসাধারণ শিল্পকুশলতাকে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে শিল্পগুরু এবং হস্তশিল্পে জাতীয় পুরস্কার প্রদান করা হয়েছে। রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মু সম্প্রতি নতুন দিনিতে এই পুরস্কার প্রদান করেন। ২০২৩ ও ২০২৪ সালে মোট ১২ জন 'শিল্প গুরু' পুরস্কার পেয়েছেন। ৩৬ জন কারুশিল্পী জাতীয় পুরস্কারে সম্মানিত হয়েছেন। এর মধ্যে এরাজ্যেরও ১ জন জাতীয় পুরস্কার এবং পাঁচজন শিল্প গুরু পুরস্কার পেয়েছেন।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যজুড়ে আগামী কয়েকদিন শীতের আমেজ একই রকম থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। পশ্চিমের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা ১১ থেকে ১৩ ডিগ্রীর মধ্যে থাকার সম্ভাবনা।

অন্যদিকে, কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ দশমির ৮ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ৩ ডিগ্রী কম। উত্তরবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে কুয়াশার পূর্বাভাষ রয়েছে।

এদিকে, শহরের বায়ুর গুণমান সূচক AQI যথেষ্ট উদ্বেগজনক। কলকাতার ভিক্টোরিয়া ও ময়দান এলাকায় আজ সকালে AQI ছিল ৩৫৯ মাইক্রোগ্রাম, যা অতি খারাপ বলে বিবেচিত হয়।

oooooooooooooooooooooooooooooooooooo